# ২০১৯

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

**প্রথম পত্র : BNGH-CC-T-I**

**(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)**

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) বাংলা সাধন সঙ্গীতের সূত্রপাত হয়েছিল কোন্ রচনা থেকে? সেটি কবে প্রকাশিত হয়েছিল?

খ) ১৩৪২ সালে কোন্ সম্রাট বাংলার সিংহাসনে বসেছিলেন? এই সম্রাটের উত্তরসূরিরা কত বছর বাংলায় রাজত্ব করেছিলেন?

গ) প্রাক-চৈতন্য যুগের ক'টি উপশাখা ছিল? সেগুলি কী কী?

ঘ) 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' কাব্যের আসল নাম কী? 'শ্রীকৃষ্ণকীর্ত্তন' গ্রন্থটি আবিষ্কারের পর বাংলা সাহিত্যে কোন্ সমস্যার সৃষ্টি হয়েছিল?

[পরের পাতায়]

ঙ) “পঞ্চগৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা।

গৌড়েশ্বর পূজা কৈলে গুণের হয় পূজা।।”

—কোন্ কবি গৌড়েশ্বরের উদ্দেশ্যে লিখেছিলেন? তাঁর লেখা গ্রন্থটির প্রকৃত নাম লেখো।

চ) “গৌড়েশ্বর নাম দিলা গুণরাজ খান।”—এখানে গুণরাজ খান কে? তাঁর লেখা গ্রন্থটির নাম লেখো।

ছ) “আলো মুঞি জানো না জানো না”—পদটি কে লিখেছিলেন? এই কবি সাফল্য পেয়েছেন কোন্ ধরনের পদ রচনা করে?

জ) কোন্ জীবনী কাব্যে (মধ্যযুগ) বাংলাদেশের সমাজচিত্র ধরা পড়েছিল? এটি কে লিখেছিলেন?

ঝ) মধ্যযুগের যাবতীয় আখ্যান কাব্যের শ্রেষ্ঠ কবি কে ছিলেন? তিনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

ঞ) ধর্মমঙ্গল কাব্যের আদি কবি ও শ্রেষ্ঠ কবির নাম লেখো।

ট) প্রাচীন ভারতীয় আর্য ভাষায় কয়টি অযোগবাহ বর্ণ ছিল? সেগুলি কী কী?

ঠ) “বাংলা ভাষার জন্ম হয়েছিল গৌড়ীয় অপভ্রংশ থেকে”—কথাগুলি কে বলেছিলেন?

ড) খণ্ডিত শব্দের ব্যবহার বাংলা ভাষার কোন্ পর্বে লক্ষ করা যায়? দু'টি উদাহরণ দাও।

ঢ) বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি? সেগুলি কী কী?

ণ) কোন্ গ্রন্থে প্রথম বাংলা সংখ্যার মুদ্রিত রূপ পাওয়া গেছে?



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যকে আখ্যান কাব্য বলার কারণ ব্যাখ্যা করো।

খ) কৃত্তিবাসী রামায়ণ বা কাশীদাসী মহাভারতের মতো মালাধর বসু রচিত ভাগবত জনপ্রিয় হয়নি কেন বুঝিয়ে দাও।

গ) নারায়ণদেবের কাব্যপ্রতিভা বিচার করো।

ঘ) বাংলাদেশে মঙ্গল কাব্য উদ্ভবের কারণগুলি লিপিবদ্ধ করো।

ঙ) কোনো ভাষা থেকে বাংলা ভাষায় আই.পি.এ.-তে রূপান্তরের নিয়মগুলি লেখো।

চ) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন ও কালপর্ব লিখে চারটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাঙালি জাতি ও বাংলা ভাষার মধ্যে সম্পর্ক নিরূপণ করে একটি প্রবন্ধ লেখো।

খ) বাংলা লিপি উদ্ভবের বিষয়টি রেখচিত্রসহ বুঝিয়ে দাও।

গ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্য রচনায় কবি মুকুন্দ চক্রবর্তীর প্রতিভা বিচার করো।

ঘ) ‘চর্যাপদ’-এর কাব্যমূল্য বিচার করে এর গুরুত্ব বুঝিয়ে দাও।

---